

“আত্মকর্মী যুবশক্তি, টেকসই উন্নয়নের মূলভিত্তি”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

নং- ৩৪.০১.০০০০.০২৮.৪৮.৫০৫.০৯- ২৯৬

তারিখ : ০৩/০৮/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ ঋণের প্রাথমিক আবেদন অনলাইনে প্রক্রিয়াকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত তালিকায় বর্ণিত জেলাধীন উপজেলাসমূহে পরীক্ষামূলকভাবে “ঋণের প্রাথমিক আবেদন অনলাইনে প্রক্রিয়াকরণ” কার্যক্রম সম্প্রসারিত হয়েছে। জেলা ও উপজেলাভিত্তিক তথ্য মোতাবেক ৩০.০৭.২০১৭খ্রিঃ তারিখ পর্যন্ত অগ্রগতি নিম্নরূপঃ

নং	জেলার নাম	কর্মসূচী শুরুর সময়	উপজেলার নাম	প্রাপ্ত আবেদন সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	বাতিল সংখ্যা	অনিষ্পত্তিকৃত সংখ্যা	মন্তব্য
০১	মাগুরা	আগস্ট'১৫	ক.সদর	০২	০১	০	০১	
			খ.মোহাম্মদপুর	০৩	০	০	০৩	
			গ.শালিখা	১৭৩	৩২	০	১৪১	
			ঘ.শ্রীপুর	১৪	০২	১২		
০২	গোপালগঞ্জ	আগস্ট'১৫	খ.সদর	০১	০	০	০১	
			গ.টুংগীপাড়া	০১	০	০	০১	
০৩	নারায়নগঞ্জ		ক.আড়াইহাজার	৭৪	৪৬	০৩	২৫	
			খ.বন্দর	৪৮	১৫	০	৩৩	
			গ.সদর	০৩	০	০	০৩	
			ঘ.রূপগঞ্জ	০৫	০	০	০৫	
০৪	নরসিংদী		ঙ.সোনারগাঁও	৩১	০৭	০৩	২১	
			ক.বেলাবো	৫৩	২৪	০৪	২৫	
			খ.মনোহরদী	০২	০	০	০২	
			গ.সদর	৩২	২৯	০	০৩	
			ঘ.পলাশ	১৮	১৬	০২	০	
০৫	রাজশাহী		ঙ.রায়পুরা	৪৬	১৩	২৯	০৪	
			চ.শিবপুর	৬৯	৩৯	১০	২০	
			ক.বাগমারা	০৩	০	০	০৩	
			খ.চারঘাট	০১	০১	০	০	
			ঘ.পবা	০১	০১	০	০	
			ঙ.পুঠিয়া	২৪	১৩	০	১১	
০৬	চট্টগ্রাম		চ.ভানোর	১৪	০	০	১৪	
			ছ.বোয়ালিয়া	৪৭	১৮	০৪	২৫	
			জ.মোহনপুর	০৩	০	০	০৩	
			ক.হাটহাজারী	০৫	০	০১	০৪	
			খ.পাটিয়া	০১	০	০	০১	
			গ.রাসুনিয়া	০১	০	০	০১	
			ঘ.সাতকানিয়া	০১	০	০	০১	
			ঙ.পাহাড়তলী	০২	০	০	০২	


ছকটি পর্যালোচনা করে দেখা যায় যে, মাগুরা, নারায়নগঞ্জ ও নরসিংদী জেলা ব্যতীত বাকী ৩টি জেলা গোপালগঞ্জ, চট্টগ্রাম এবং রাজশাহী জেলার সবগুলো উপজেলা হতে আবেদন জমা পড়েনি। অর্থাৎ এ সকল উপজেলায় এ কার্যক্রম শুরুর বিষয়টি যথাযথভাবে প্রচারিত হয়নি।

- ২। শালিখা উপজেলায় সর্বোচ্চ সংখ্যক (১৭৩টি) আবেদন জমা পড়েছে, তন্মধ্যে ৩২টি আবেদন অনুমোদিত হয়েছে। ১৪১টি অনিষ্পত্তিকৃত অবস্থায় রয়েছে।
- ৩। আড়াইহাজার উপজেলায় ৭৪টি আবেদনের মধ্যে ৪৬টি অনুমোদিত, ৩টি বাতিল এবং ২৫টি অনিষ্পন্ন রয়েছে। নিষ্পত্তির হার উল্লেখযোগ্য।
- ৪। শিবপুর উপজেলায় ৬৯টি আবেদনের মধ্যে ৩৯টি অনুমোদিত, ১০টি বাতিল এবং ২০টি অনিষ্পন্ন রয়েছে, এখানে সার্বিক কার্যক্রম সন্তোষজনক।
- ৫। নরসিংদী সদর উপজেলায় ৩২টি আবেদনের মধ্যে ২৯টি অনুমোদিত এবং ৩টি অনিষ্পত্তিকৃত, নিষ্পত্তির হার সন্তোষজনক।
- ৬। চট্টগ্রাম জেলার ৫টি উপজেলায় ১০টি আবেদন পাওয়া গিয়েছে যার কোনটিই অনুমোদন/নিষ্পত্তি হয়নি অর্থাৎ এ জেলায় এ বিষয়ক কোন অগ্রগতি সন্নিবেহিত হয়নি যা হতাশাব্যঞ্জক।



- ৭। রাজশাহী জেলার বোয়ালিয়া ও পুঠিয়া উপজেলায় সামান্য কাজ হলেও অন্যান্য উপজেলায় কোন অগ্রগতি নেই।
৮। গোপালগঞ্জ জেলার সার্বিক অর্জন অত্যন্ত হতাশাজনক।

বাণিতাবস্থায়, প্রযুক্তির সুবিধা সর্বস্তরে পৌছানোর লক্ষ্যে ইউ,ডি,সির উদ্যোক্তা, প্রশিক্ষণকেন্দ্র, আইটি ক্যাফে এবং যুব সংগঠনে ব্যাপক প্রচার করত অধিকতর আন্তরিকতার সাথে কাজ করার জন্য অনুরোধ করা হলো। একইসাথে যে সমস্ত উপজেলায় একেবারেই কোন অগ্রগতি অর্জিত হয়নি আগামী ০৭(সাত)দিনের মধ্যে সে সকল উপজেলায় দৃশ্যমান অগ্রগতি অর্জনের প্রয়াস নিতে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।


(মোঃ হামিদুর রহমান)
উপ-পরিচালক(দাঃবিঃওঃঋঃ)


প্রাপক
উপ-পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
..... জেলা

নং- ৩৪.০১.০০০০.০২৮.৪৮.৫০৫.০৯- ২৯৬

তারিখ : ০৩/০৮/২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, উপজেলা জেলা।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৪। অফিস নথি।


(মোঃ হামিদুর রহমান)
উপ-পরিচালক(দাঃবিঃওঃঋঃ)